রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১৮, ২০১৭

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ৯ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/২৪ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৩২৩-আইন/২০১৬।—বাংলাদেশ চা শ্রমিক কল্যাণ তহবিল আইন, ২০১৬ (২০১৬ সনের ১নং আইন) এর ধারা ১৫ এ প্রদত্ত ক্ষমতাবলে বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই প্রবিধানমালা বাংলাদেশ চা শ্রমিক কল্যাণ তহবিল প্রবিধানমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) 'আইন' অর্থ বাংলাদেশ চা শ্রমিক কল্যাণ তহবিল আইন, ২০১৬ (২০১৬ সনের ১নং আইন);

(খ) 'সদস্য-সচিব' অর্থ বোর্ডের সদস্য-সচিব।

(২) যে সকল শব্দ বা অভিব্যক্তি এই প্রবিধানমালায় ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে এই প্রবিধানমালায়ও সেই অর্থে ব্যবহৃত হইবে।


মূল্য ঃ টাকা ৮.০০

৩। **বোর্ডের সভা আহ্বান ও রেকর্ডপত্র সংরক্ষণ**।—(১) চেয়ারম্যানের সম্মতিক্রমে সদস্য-সচিব সভার স্থান, তারিখ ও সময় উল্লেখপূর্বক লিখিত নোটিস দ্বারা বোর্ডের সভা আহ্বান করিবেন।

(২) প্রতি ৩ (তিন) মাসে অন্যূন ১ (এক) বার বোর্ডের সভা আহ্বান করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, প্রতি বৎসর জুন মাসে বোর্ডের বাজেট সভা অনুষ্ঠিত হইবে।

(৩) কোরামের অভাবে মূলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না এবং উক্তরূপ মূলতবী সভা পরবর্তী সপ্তাহে একই দিনে, একই স্থানে এবং একই সময়ে অনুষ্ঠিত হইবে।

(৪) সভার কার্যবিবরণী ও তৎসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র বা তথ্যাদি সদস্য-সচিব সংরক্ষণ করিবেন।

৪। **সদস্য-সচিবের দায়িত্ব**।—চেয়ারম্যানের সার্বিক তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ সাপেক্ষে, সদস্য-সচিব নিম্নবর্ণিত দায়িত্ব পালন করিবেন, যথা:—

(ক) বোর্ডের সভা অনুষ্ঠানের জন্য নোটিস জারীকরণ;

(খ) বোর্ডের সভার কার্যবিবরণী তৈরিকরণ;

(গ) বোর্ডের সকল সিদ্ধান্ত বাস্তবায়ন;

(ঘ) বোর্ডের নথিপত্র সংরক্ষণ; এবং

(ঙ) চেয়ারম্যান কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

৫। **তহবিল হইতে অর্থ উত্তোলন**।—চেয়ারম্যান অথবা চেয়ারম্যান এর নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত একজন সদস্য এবং সদস্য-সচিবের যৌথ স্বাক্ষরে তহবিলের অর্থ উত্তোলন করা যাইবে।

৬। **মৃত্যু বা স্থায়ী অক্ষমতার ক্ষেত্রে এককালীন অনুদান**।—নিম্নবর্ণিত ক্ষেত্রে শ্রমিক নিজে অথবা, তাহার মৃত্যুর ক্ষেত্রে, তাহার স্ত্রী বা স্ত্রীগণ বা স্বামী অথবা তাহার উত্তরাধিকারী উক্ত শ্রমিকের সর্বশেষ মঞ্জুরীর ৩(তিন) মাসের সমপরিমাণ টাকা বা ১০,০০০/-(দশ হাজার) টাকা, এই দুইয়ের মধ্যে যে পরিমাণ টাকা বেশি হইবে সেই পরিমাণ টাকা তহবিল হইতে এককালীন অনুদান পাইবেন, যথা:—

(ক) বোর্ড নির্ধারিত চিকিৎসক কর্তৃক যদি কোন শ্রমিক নিজ দায়িত্ব পালনে শারীরিক বা মানসিকভাবে স্থায়ীরূপে অক্ষম বলিয়া ঘোষিত হন এবং উক্ত কারণে চাকরি হইতে অবসরপ্রাপ্ত, অপসারিত বা অব্যাহতি প্রাপ্ত হন; অথবা

(খ) চাকরিরত অবস্থায়, কিংবা চাকরি হইতে অবসর গ্রহণ করিয়া থাকিলে অবসর গ্রহণের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসরের মধ্যে যদি কোন শ্রমিক মৃত্যুবরণ করেন।

৭। **বিবাহ ও শিক্ষা কল্যাণ অনুদান।**—(১) মৃত্যু, স্থায়ীরূপে অক্ষম বা চরম আর্থিক দুর্দশাগ্রস্ত কোন শ্রমিকের কন্যার বিবাহের জন্য বোর্ড তহবিল হইতে অনধিক ১৫,০০০/-(পনের হাজার) টাকা কল্যাণ অনুদান মঞ্জুর করিতে পারিবে।

(২) চাকরিরত, মৃত বা স্থায়ীরূপে অক্ষম কোন শ্রমিকের সন্তানদের শিক্ষার জন্য বোর্ড তহবিল হইতে—

(ক) মাধ্যমিক পর্যায়ে বাৎসরিক অনধিক ৩,০০০/-টাকা,

(খ) উচ্চ মাধ্যমিক পর্যায়ে বাৎসরিক অনধিক ৪,০০০/-টাকা,

(গ) বিশ্ববিদ্যালয়, মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং শিক্ষার ক্ষেত্রে আবাসিক ও অন্যান্য আনুষঙ্গিক খরচ বাবদ মাসিক অনধিক ৩,৫০০/-টাকা,

অনুদান মঞ্জুর করিতে পারিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর দফা (ক), (খ) ও (গ) তে উল্লিখিত শিক্ষা কোর্স সমাপ্তির জন্য প্রয়োজনীয় ক্ষেত্রে উক্ত অনুদান বার্ষিক ভিত্তিতে নবায়নযোগ্য হইবে।

(৪) উপ-প্রবিধান (২) এ যাহা কিছুই থাকুক না কেন, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা বা প্রশিক্ষণের জন্য (আবাসন ও খাওয়া খরচ বাদে) বোর্ড তহবিল হইতে কোর্সভিত্তিক অনধিক ১০,০০০/-(দশ হাজার) টাকা কল্যাণ অনুদান মঞ্জুর করিতে পারিবে।

৮। **বিশেষ কল্যাণ অনুদান।**—বোর্ড তহবিল হইতে কোন শ্রমিককে বা তাহার পরিবারকে নিম্নবর্ণিত সকল বা যে কোন উদ্দেশ্যে উহাদের বিপরীতে উল্লিখিত হারে বিশেষ কল্যাণ অনুদান মঞ্জুর করিতে পারিবে, যথাঃ—

| | | |
|---|---|---|
| (ক) | রক্ত পরিসঞ্চালনসহ চিকিৎসা (এককালীন) | অনধিক ৫,০০০/-টাকা; |
| (খ) | চিকিৎসকের পরামর্শ অনুযায়ী চশমা এবং শরীরের সহায়ক অন্যান্য সরঞ্জামাদি ক্রয় | অনধিক ২,৫০০/-টাকা; |
| (গ) | দাফন বা অন্ত্যেষ্টিক্রিয়া | অনধিক ২,৫০০/-টাকা; |
| (ঘ) | বিভিন্ন আঘাত বা দুর্ঘটনাজনিত কারণে ত্রাণ | অনধিক ২,৫০০/-টাকা; |
| (ঙ) | পাঠ্য পুস্তক ক্রয় | অনধিক ৫,০০০/-টাকা; |
| (চ) | চরম আর্থিক দুরবস্থাজনিত কারণে অনুদান | অনধিক ১,০০০/-টাকা; |
| (ছ) | অগ্নিকাণ্ড, ঘূর্ণিঝড় বা অন্য কোন প্রাকৃতিক দুর্যোগের কারণে বসত বাড়ি সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত হলে (এককালীন অনুদান) | অনধিক ৫,০০০/-টাকা; |

৯। অনুদানের জন্য আবেদন।—বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে এই প্রবিধানমালার অধীন যে কোন অনুদানের জন্য আবেদন করিতে হইবে।

১০। রহিতকরণ ও হেফাজত।—(১) বাংলাদেশ চা শ্রমিক কল্যাণ তহবিল প্রবিধানমালা, ১৯৯৮, অতঃপর রহিত প্রবিধানমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত প্রবিধানমালার অধীন অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই প্রবিধানমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

বোর্ডের আদেশক্রমে

মেজর জেনারেল মোঃ সফিনুল ইসলাম
চেয়ারম্যান
বাংলাদেশ চা বোর্ড।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd